

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৬৮ ৪/ আন্তরিক কর্মাবলী পরিচ্ছেদঃ কান্না করার হাদীসসমূহ

আরবী

وَعَن أَنَسٍ قَالَ: قَالَ أَبُو بَكرٍ لِعُمَرَ رَضِيَ اللهُ عَنهُمَا بَعْدَ وَفَاةِ رَسُولِ اللهِ عَلَيْ : انْطَلِقْ بِنَا إِلَى أُمِّ أَيْمَنَ رَضِيَ اللهُ عَنهَا نَزُورُهَا كَمَا كَانَ رَسُولُ اللهِ عَلَيْ يَزُورُهَا فَلَمَّا انْتَهَيَا إِلَيْهَا بَكَتْ فَقَالاَ لَهَا : مَا يُبْكِيكِ ؟ أَمَا تَعْلَمِينَ أَنَّ مَا عَندَ اللهِ خَيْرٌ لرَسُولِ اللهِ عَلَيْ فَالاَيْ فَالاَيْ وَلَيْ فَالَايُهُ عَنْ اللهِ عَلَيْ فَقَالاَ لَهَا وَكُن قَقَالاً لَهَ أَنَّ مَا عَندَ الله تَعَالَى خَيْرٌ لِرَسُولِ اللهِ عَلَيْ وَلَكِنْ فَقَالَت : مَا أَبْكِي أَنْ لاَ أَكُونَ أَعْلَمُ أَنَّ مَا عَندَ الله تَعَالَى خَيْرٌ لِرَسُولِ اللهِ عَلَيْ وَلَكِنْ أَبكي أَنْ لاَ أَكُونَ أَعْلَمُ أَنَّ مَا عَندَ الله تَعَالَى خَيْرٌ لِرَسُولِ اللهِ عَلَيْ وَلَكِنْ أَبكي أَنْ لاَ أَكُونَ أَعْلَمُ أَنَّ مَا عَندَ الله تَعَالَى خَيْرٌ لِرَسُولِ اللهِ عَلَيْ وَلَكِنْ أَبكي أَنْ لاَ أَكُونَ أَعْلَمُ أَنَّ مَا عَندَ الله تَعَالَى خَيْرٌ لِرَسُولِ اللهِ عَلَيْ وَلَكِنْ أَبكي أَنْ الوَحْيَ قدِ انْقَطَعَ مِنَ السَّمَاءِ فَهَيَّجَتْهُمَا عَلَى البُكَاءِ فَجَعَلا يَبْكِيانِ مَعَهَا رواه مسلم

বাংলা

(৩৬৮) আনাস (রাঃ) বলেন, রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর জীবনাবসানের পর আবূ বকর সিদ্দীক (রাঃ) উমার (রাঃ) কে বললেন, চলুন, আমরা উম্মে আইমানের সাথে সাক্ষাৎ করতে যাই, যেমন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর সাথে সাক্ষাৎ করতে যেতেন। সুতরাং যখন তাঁরা উম্মে আইমানের কাছে পৌঁছলেন, তখন তিনি কেঁদে ফেললেন। অতঃপর তাঁরা তাঁকে বললেন, তুমি কাঁদছ কেন? তুমি কি জানো না যে, আল্লাহর কাছে যা রয়েছে, তা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর জন্য (দুনিয়া থেকে) অধিক উত্তম?

তিনি উত্তর দিলেন, আমি এ জন্য কান্না করছি না যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর জন্য আল্লাহর নিকট যা রয়েছে তা অধিকতর উত্তম, সে কথা আমি জানি না। কিন্তু আমি এ জন্য কাঁদছি যে, আসমান হতে ওহী আসা বন্ধ হয়ে গেল। উম্মে আইমান (তাঁর এ দুঃখজনক কথা দ্বারা) ঐ দু'জনকে কাঁদতে বাধ্য করলেন। ফলে তাঁরাও তাঁর সাথে কাঁদতে লাগলেন।

ফুটনোট

(মুসলিম)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন